

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৩৭
আগরতলা, ১২ মার্চ, ২০১৯

তিনদিন ব্যাপী চিত্র শিল্প
প্রদর্শনীর সূচনা

আজ থেকে রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে তিনদিন ব্যাপী রাজ্যভিত্তিক চিত্রশিল্প কর্মশালায় তৈরি শিল্পকর্ম প্রদর্শনীর সূচনা হয়েছে। প্রদর্শনী চলবে আগামী ১৪ মার্চ পর্যন্ত। উল্লেখ্য, দপ্তরের উদ্যোগে গত ৯ মার্চ থেকে ১১ মার্চ পর্যন্ত নজরুল কলাক্ষেত্রে এই চিত্রশিল্প কর্মশালার আয়োজন করা হয়েছিলো। মোট ৫৮ জন চিত্রশিল্পী এই কর্মশালায় অংশগ্রহণ করেছিলেন।

রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে আয়োজিত এই প্রদর্শনীর উদ্বোধন করেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব এম এল দে। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, রাজ্যের প্রতিভাবান শিল্পীদের প্রতিভা ও উৎকর্ষতা বৃদ্ধিতে তথ্য ও সংস্কৃতি দপ্তর নিরলসভাবে কাজ করে চলছে। নজরুল কলাক্ষেত্রে ললিতকলা একাডেমি, সাহিত্য একাডেমির মতো কেন্দ্রীয় সংস্থাগুলিকে অফিসের জন্য জায়গা দেওয়া হয়েছে। যাতে এইসব সংস্থার সান্নিধ্যে রাজ্যের শিল্পীদের উৎকর্ষতা বৃদ্ধি পায়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখতে গিয়ে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা আশুদেব দাস বলেন, রাজ্যের রাজন্য আমল থেকেই শিল্পীদের মধ্যে উচ্চমানের শৈল্পিক সত্তা বিদ্যমান ছিলো। যা দিন দিন আরও বিকশিত হচ্ছে।

আজকের এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সরকারি চারু ও কারুকলা মহাবিদ্যালয়ের শিক্ষক জীবনকৃষ্ণ শীল, বিশিষ্ট চিত্রশিল্পী তাপসী দেববর্মা ও সুমন মজুমদার। উদ্বোধনী অনুষ্ঠানের শেষ পর্যায়ে প্রদর্শনীতে অংশগ্রহণকারী প্রত্যেক চিত্রশিল্পীর হাতে অতিথিগণ শংসাপত্র তুলে দেন।
